

বিজিএ/কাস/২০২৩/১৬৫

৫ জুলাই, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) নিবন্ধন সার্টিফিকেট (Enrollment Certificate)
প্রয়োজন অনুযায়ী ০১ (এক) থেকে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত নবায়ন প্রসঙ্গে।


সূত্র : রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯/৫১৫৮ তারিখঃ
২৫/০৬/২০২৩

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। যে সকল রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের ইপিবি নিবন্ধন ৩০/০৬/২০২৩ মেয়াদে হালনাগাদ রয়েছে তাদেরকে ২০২৩-২০২৪ অর্থবছর হতে পরবর্তী ০১-০৫ (প্রয়োজন মত) বছর মেয়াদী ইপিবি নিবন্ধন সনদ নবায়নের নিমিত্ত ০১ জুলাই, ২০২৩ তারিখ হতে নির্ধারিত নবায়ন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রের কপিসহ (হালনাগাদ) ems.epb.gov.bd এই ওয়েব সাইটে লগ ইন করে আবেদনপত্র দাখিল করার বিষয়ে ইপিবি সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে ইপিবি কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন

১, কাওরান বাজার

ঢাকা-১২১৫।



নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯/ ৫০৫৮

তারিখঃ ২৫-০৬-২০২৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত তৈরী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছর হতে পরবর্তী ০১-০৫ (প্রয়োজন মত) বছর মেয়াদী ইপিবি নিবন্ধন সনদ নবায়নের নিমিত্ত আগামী ০১ জুলাই, ২০২৩ তারিখ হতে নির্ধারিত নবায়ন ফি জমা দিয়ে ems.epb.gov.bd এই ওয়েব সাইটে Log in করে সকল হালমেয়াদী ডকুমেন্টস আপলোড করে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদন করতে পারবেনঃ

ক) সকল তৈরী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠান ব্যুরোর নিবন্ধন সার্টিফিকেট (Enrollment Certificate) তীর প্রয়োজন অনুযায়ী ০১ (এক) থেকে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত নবায়ন গ্রহণ করতে পারবেন। রপ্তানিকারক তীর আবেদনে নিবন্ধনের নবায়নের মেয়াদ উল্লেখ করবেন। নিবন্ধন নবায়ন গ্রহণকারী রপ্তানিকারকগণকে মেয়াদ অনুযায়ী নবায়ন ফি (প্রযোজ্য হারে ভ্যাট-টেক্সসহ) প্রদান করতে হবে। যে সকল রপ্তানিকারকের ব্যুরোর নিবন্ধন ৩০-০৬-২০২৩ মেয়াদে হালনাগাদ রয়েছে শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান উক্ত সুবিধা গ্রহণ করতে পারবে।

খ) (I) নতুন নিবন্ধন ফি ৫০০০+৭৫০=৫৭৫০/- (ভ্যাটসহ) এবং

(II) নবায়ন ফি (প্রতি বছর) ৩০০০+৪৫০=৩৪৫০/- (ভ্যাটসহ) টাকার পে-স্লিপ (Brac Bank A/C No:- 1503202417031001) অথবা সোনালী ব্যাংকের গেটওয়ে এর মাধ্যমে পরিশোধ করবেন।

গ) আবেদনকারীর ছবি;

ঘ) ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;

ঙ) ই আর সি সনদের নবায়িত কপি;

চ) সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;


ছ) বন্ডেড ওয়ার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

জ) ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;

ঝ) ফায়ার পলিসির নবায়িত কপি।

০২। উল্লেখ্য, আগামী ৩১ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে নিবন্ধন নবায়ন সম্পন্ন করতে হবে অন্যথায় হালনাগাদ নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে প্রদেয় জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও REX বিষয়ক সেবা স্থগিত থাকবে।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ শাখা অফিসে সেবা গ্রহণ করে থাকে ঐ সকল প্রতিষ্ঠান স্ব-স্ব সার্ভিস অফিস Select করে আবেদন করতে পারবে।


২৫/০৬/২০২৩
(মাহবুব হাসান)
পরিচালক (বন্দ)

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

✓১। সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

০২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।

০৩। সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।

০৪। সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।

০৫। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

০৬। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম (১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), সীতাবদিব-বা/এ, চট্টগ্রাম)।

০৭। পরিচালক(নীতি), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।

০৮। উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।

০৯। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সাতার টাওয়ার (৫ম তলা), এসএম মার্কেট রোড, নারায়ণগঞ্জ।

১০। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। পি এ টু মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

BSMEA DHAKA	
Administration	Gas & Electricity
Accounts	Health
Arbitration	Insurance
Labour	Labour
Membership	Membership
MIS	MIS
PR	PR
RDTI	RDTI
SDP	SDP
Signature:	
Dispatch No: ৪৫৫৫	Date: 5/7/23